রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, জানুয়ারি ৫, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**
**বৈদেশিক প্রশিক্ষণ ও এনপিও শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/১০ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-৩৩৭-আইন/২০২৩।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**১। শিরোনাম।**—এই বিধিমালা ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "জিপিএ" অর্থ Grade Point Average (GPA);

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয় কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৪-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **প্রেষণ/পদায়নের মাধ্যমে নিয়োগ**।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলের বিধান সাপেক্ষে কোনো পদে প্রেষণে বদলির মাদ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ, প্রয়োজনে, তফসিলের বিধান সাপেক্ষ কোনো পদে পদায়নের মাধ্যমে নিয়োগ করিতে পারিবে।

**৭। শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য এবং পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১(এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকূল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে অথবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদকালীন কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালীন শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৮। **বিশেষ বিধান।—(১)** তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) পরিচ্ছন্নতা কর্মী পদে নিয়োগের ক্ষেত্রে জাত হরিজন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে।

(৩) তফসিল-১ এ বর্ণিত ক্রমিক নং ২৭ এ উল্লিখিত 'নিরাপত্তা প্রহরী' ও ক্রমিক নং ২৮ এ উল্লিখিত 'পরিচ্ছন্নতা কর্মী' পদে কর্মরত কোনো কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, চাকরির অবসান, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উহার বিপরীতে "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী সেবা গ্রহণ করা হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।—(১)** ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ) বিধিমালা, ১৯৯১, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন—

(ক) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা রহিত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**তফসিল-১**

[বিধি ২(গ), ২(ঙ), ৩, ৬ ও ৮ দ্রষ্টব্য]

পদের নাম ও প্রয়োজনীয় যোগ্যতা

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণের বদলির মাধ্যমে, | সরকারের যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-পরিচালক অথবা উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সরকারের উপসচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৩। | উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৪। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদার সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ৫। | সহকারী সিষ্টেম এনালিষ্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭। | গবেষণা কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৪০ (চল্লিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৬০ (ষাট) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী পদে অন্যূন ১০ (পদ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, গণিত, সমাজ কর্ম, মার্কেটিং, ব্যাংকিং, ফিন্যান্স বা সমাজ কল্যাণ বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৯। | সহকারী পরিচালক | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি সম্মানসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি। |
| ১০। | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১১। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরি বা উচ্চমান সহকারী বা স্টোর কিপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপি এ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। |
| ১২। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>হিসাব রক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা/ ব্যবসায় প্রশাসনে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, ভূগোল, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, গণিত, সমাজকর্ম, মার্কেটিং, ব্যাংকিং, ফিন্যান্স বা সমাজ কল্যাণ বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) অথবা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৫। | হিসাব রক্ষক | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>বিল করণিক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা/ ব্যবসায় প্রশাসনে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | সহকারী গ্রন্থাগারিক | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার। বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে | (ক) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৯। | স্টোর কিপার | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি বা অফিস সহায়ক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ ও তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২। | বিল করণিক | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | টেলিফোন অপারেটর | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪। | ড্রাইভার | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | ফটোকপি অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৬। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৭। | নিরাপত্তা প্রহরী | পদটি পদোন্নতি, অবসর, চাকরিচ্যুতি, অব্যাহতি, মৃত্যু অথবা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |
| ২৮। | পরিচ্ছন্নতা কর্মী | পদটি পদোন্নতি, অবসর, চাকরিচ্যুতি, অব্যাহতি, মৃত্যু অথবা অন্য কোনো কারণে শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণীয় হইবে। | | |

**তফসিল-২**
**[তফসিল-১ দ্রষ্টব্য]**

পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, হিসাব রক্ষক, সহকারী গ্রন্থাগারিক, উচ্চমান সহকারী, স্টোর কিপার, নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, বিল করণিক এবং টেলিফোন অপারেটর পদে সরাসরি নিয়োগ বা, ক্ষেত্রমত, পদোন্নতির জন্য প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদিঃ

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

ব্যাখ্যাঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

**তফসিল-৩**

[তফসিল-১ দ্রষ্টব্য]

ড্রাইভার পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ১০ | ৫০% | ৬০ মিনিট |
| | ২। ইংরেজি | ১০ | | |
| | ৩। গণিত | ১০ | | |
| | ৪। প্রাসঙ্গিক টেকনিক্যাল/ সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৪০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট | ৫০ | | |

ব্যাখ্যা: (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে; এবং

(২) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

**তফসিল-৪**

[তফসিল-১ দ্রষ্টব্য]

নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি, নম্বর ইত্যাদি;

| পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

ব্যাখ্যা: (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরিকের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে;

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে; এবং

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসেবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাকিয়া সুলতানা**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd